

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

নং-১৬.০৩.০০০০.০০১.০২.০২-১৭-১১২৩


তারিখ- ৩০/০৩/২০১৭ খ্রি:।

বিষয় : ২০১৭(১৪৩৮ হিজরী) হজ মৌসুমে সৌদি ই-হজ সিস্টেমে বাংলাদেশী হজ এজেন্সীর রেজিস্ট্রেশন(Registration)করণ।

- সূত্র: ১) বাংলাদেশ হজ অফিস, জেদ্দা সৌদি আরবের স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.০৫.০০২.১৪-১০১১৫, তাং-২৯.০৩.১৭ খ্রি:
২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-১৬.০০.০০০০.০০৩.০০৫.১৫(অংশ-৩)-৪৬১, তারিখ-০২/০৪/২০১৭-খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭(১৪৩৮ হিজরি) হজ মৌসুমে হজযাত্রী প্রেরণকারী প্রতিটি এজেন্সীর প্রয়োজনীয় তথ্যাবলী রাজকীয় সৌদি সরকারের হজ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ই-হজ সিস্টেমে আগামী ২৭/০৪/২০১৭-খ্রি: তারিখের মধ্যে আপলোড করতে হবে। ই-হজ সিস্টেমে প্রতিটি এজেন্সীর চাহিত তথ্যাদি যথাযথভাবে এন্ট্রি করার পরে উক্ত এজেন্সী ই-হজ সিস্টেমে কার্যকর (active) হলেই কেবলমাত্র আগামী হজ মৌসুমে হজ কার্যক্রম পরিচালনা করতে পারবে। তাই জরুরী ভিত্তিতে ২০১৭ হজ মৌসুমে হজ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহের তথ্যাদি নিভুলভাবে পূরণ করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, মোনাঞ্জেম সংক্রান্ত নির্বাচন ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা অনুসরণপূর্বক নিবন্ধন সার্ভারে তথ্য পূরণ করে হজ অফিস, ঢাকা, কর্তৃক অনুমোদনের পর সার্ভার হতে এর প্রিন্টআউট কপি ও হজ এজেন্সীর মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালনের অঙ্গীকারনামা (ফরম-১৪) নিভুলভাবে পূরণ করে স্ব-স্ব হজ এজেন্সীকে আগামী ১১/০৪/২০১৭-খ্রি: তারিখের মধ্যে সফটকপি ই-মেইল নং- infomonazzem@gmail.com-এ এবং হার্ডকপি হজ অফিস, ঢাকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(মো: সাইফুল ইসলাম)
পরিচালক
হজ অফিস, ঢাকা
ফোন : ৪৮৯৫৮৪৬২।

স্বত্বাধিকারী/অংশীদার/পরিচালক/চেয়ারম্যান

নং-১৬.০৩.০০০০.০০১.০২.০২-১৭-১১২৩

তারিখ- ৩০/০৩/২০১৭ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ(হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়াপল্টন, ঢাকা(তাকে সকল হজ এজেন্সীকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: কারওয়ান বাজার, ঢাকা (তাকে পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)

(মো: সাইফুল ইসলাম)
পরিচালক